

## ঢাকা চট্টগ্রাম মহাসড়ক

### মুন্সিগঞ্জ কুমিল্লা ৫০ কি:মি: জুড়ে ১২ ঘণ্টাব্যাপী যানজট

চান্দিনা উপজেলা সংবাদদাতা : ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের গুরুত্বপূর্ণ স্থান কুমিল্লায় গত বৃহস্পতিবার রাত ৩টা হতে জেলার চান্দিনা ও দাউদকান্দি উপজেলায় পৃথক পৃথক কয়েকটি সড়ক দুর্ঘটনায় মহাসড়কের মুন্সিগঞ্জ জেলার গজারিয়া পাখি চত্বর থেকে কুমিল্লা ময়নামতি ক্যান্টনমেন্ট সংলগ্ন আলেখাচর পর্যন্ত প্রায় ৫০ কি:মি: রাস্তায় দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। একাধিক দুর্ঘটনা ঘটলেও এ পর্যন্ত কোন হতাহতের খবর পাওয়া যায়নি। বৃহস্পতিবার রাত ৩টা হতে একের পর এক দুর্ঘটনা ঘটতে শুরু করে। জেলার চান্দিনা উপজেলার কুটুমপুর নামক স্থানে একটি বাস রাস্তার পার্শ্ববর্তী খাদে পড়ে গেলে বেশ কিছু যাত্রী আহত হয়। একই উপজেলার মাধাইয়া নামক স্থানে একটি ট্রাক ও একটি বাসের সংঘর্ষের ফলে মহাসড়কে যানবাহন চলাচলে মারাত্মকভাবে বিঘ্ন ঘটে।

এদিকে দাউদকান্দি উপজেলার বিশ্বরোড নামক স্থানে একটি কভার ভ্যান রাস্তায় উল্টে যায়। একই উপজেলার আমিরাবাদ নামক স্থানে একটি ট্রাক অন্য একটি ট্রাকের সাথে সজোরে ধাক্কা লেগে একটি ট্রাক বিকল হয়ে রাস্তায় পরে থেকে যানবাহন চলাচলে ব্যাঘাত ঘটে। একই স্থানে কুমিল্লাগামী একটি মাইক্রো বৃষ্টির সময় গতি না রাখতে পেরে রাস্তার পার্শ্ব গাছের সাথে ধাক্কা লাগে। উপজেলার রায়পুরে একটি টেম্পু রাস্তার পার্শ্ববর্তী খাদে পড়ে যায়। অপর দিকে ইলিয়টগঞ্জে দুইটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষের ফলে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সকল প্রকার যানবাহন চলাচল সম্পূর্ণরূপে বন্ধ হয়। পুলিশ ও ভোক্তাভোগী সাধারণ যাত্রী জানান, বৃষ্টির কারণেই এই দুর্ঘটনা ঘটেছে।

দীর্ঘ এই যানজটের ফলে মহাসড়ক জুড়ে হাজার হাজার যানবাহন দীর্ঘ কয়েকঘণ্টা যাবত আটকা পড়ে থাকে। এতে করে যাত্রীদের দুর্ভোগের সীমা ছিল না।

ঢাকা থেকে চট্টগ্রামগামী একটি মালবোঝাই ট্রাকের চালক মোঃ অহিদুর রহমান জানান, গৌরীপুর থেকে চান্দিনা আসতে তার সময় লাগে ৩ ঘণ্টা। অথচ গৌরীপুর থেকে চান্দিনা আসতে সর্বোচ্চ সময় লাগে ১২-১৫ মিনিট। ঢাকার বাসযাত্রী মোঃ আখের মিয়া বলেন, কুমিল্লা ময়নামতি থেকে সকাল ৬টায় বাসে উঠে বেলা সাড়ে ১২টায় এসে ইলিয়টগঞ্জ পৌঁছলাম। দীর্ঘ যানজটের খবর পেয়ে চান্দিনা থানা পুলিশ, দাউদকান্দি থানা পুলিশ, হাইওয়ে পুলিশ ও স্থানীয় জনতা এই যানজট নিরসনে সকাল থেকে কাজ করার পর বেলা ৩টায় এ যানজট কমে। তবে রোগীদেরকে নিয়ে অ্যাম্বুলেন্সগুলোকে পড়তে হয়েছে বিপাকে।

—